সমাজসেবা অধিদফতর
সমাজকল্যাণ মন্ত্রণালয়

সমাজসেবা অধিদফতরের কার্যক্রম পরিচিতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মানবসম্পদ উন্নয়ন সম্পৃক্ত মন্ত্রণালয়সমূহের মধ্যে সমাজকল্যাণ মন্ত্রণালয় অন্যতম। এ মন্ত্রণালয়াধীন সমাজসেবা অধিদফতর দেশের দুঃস্থ, দরিদ্র, এতিম, বয়স্ক, বিধবা, বিপন্ন শিশু, প্রতিবন্ধী ও প্রান্তিক জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়ন, কল্যাণ, অধিকার সুরক্ষা ও সামাজিক নিরাপত্তামূলক বহুমাত্রিক কর্মসূচি বাস্তবায়ন করে আসছে। ১৯৬১ সাল থেকে শুরু করে অদ্যাবধি বহুমূখী কর্মসূচি বাস্তবায়নে সমাজসেবা অধিদফতরের রয়েছে গৌরবময় ইতিহাস। সমাজ দর্শন এবং উন্নয়ন কৌশলের প্রেক্ষিতে বিশাল কর্মযজ্ঞে এ অধিদফতরের রয়েছে অসংখ্য সাফল্যগাঁথা।

১৯৪৭ সালে ভারতবর্ষ থেকে ব্রিটিশ উপনিবেশের অবসানের পর এ দেশে তথা তৎকালীন পূর্ব পাকিস্তানে ভারত থেকে মহাজেরদের অব্যাহত গতিতে আগমন ঘটে। তৎকালীন প্রাদেশিক রাজধানী ঢাকাতে বস্তি সমস্যাসহ নিত্যনতুন সমস্যা সৃষ্টি হয়। ১৯৫৫ সালে স্বাস্থ্য পরিদপ্তরের আওতায় সর্বপ্রথম ঢাকার কায়েতটুলিতে শহর সমাজসেবা কার্যক্রম চালু হয়। পরবর্তীতে গোপীবাগ এবং ঢাকার মোহাম্মদপুরে এ কার্যক্রমের ভিন্ন ভিন্ন ইউনিট স্থাপিত হয়। সমাজসেবা কার্যক্রমের ব্যাপক বিকাশ, ব্যাপ্তি এবং বিবিধ সামাজিক সমস্যা মোকাবিলার জন্য জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নির্দেশনায় ১৯৭৪ সালে সমাজকল্যাণ বিভাগের আত্মপ্রকাশ ঘটে। ১৯৮৪ সালে সমাজকল্যাণ বিভাগের নাম পরিবর্তিত হয়ে পূর্ণাঙ্গ অধিদফতর হিসেবে 'সমাজসেবা অধিদফতর' প্রতিষ্ঠিত হয়।

দুঃস্থ, বিপন্ন ও অনগ্রসর জনগোষ্ঠীকে সামাজিক নিরাপত্তা প্রদান ও তাদের আর্থ-সামাজিক উন্নয়ন সাধনের মাধ্যমে সোনার বাংলাদেশ গড়ার লক্ষ্যে কাজ করে যাচ্ছে সমাজসেবা অধিদফতর। এ অধিদফতরের কাজ দেশের তৃণমূল পর্যন্ত বিস্তৃত। সমাজের অনগ্রসর অংশকে মূলধারার পথে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে সমাজসেবা অধিদফতর পথিকৃতের ভূমিকা পালন করছে। ১০০৬ টি কার্যালয়ের মাধ্যমে এসব কার্যক্রম পরিচালিত হচ্ছে। পঞ্চাশটি কার্যক্রমের মাধ্যমে সমাজসেবা অধিদফতর সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় সমাজের অনগ্রসর, সুবিধাবঞ্চিত, দরিদ্র ও সমস্যাগ্রস্ত জনগোষ্ঠীর কল্যাণসাধন, সামাজিক নিরাপত্তা প্রদান ও ক্ষমতায়নের মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়নে কাজ করে যাচ্ছে। এ অধিদফতরের বিভিন্ন কার্যক্রমের মধ্যে রয়েছে নানাবিধ সেবার বৈচিত্র্য।

২০২১ সালের মধ্যে একটি ক্ষুধা ও দারিদ্রমুক্ত, তথ্যপ্রযুক্তি নির্ভর মধ্যম আয়ের বাংলাদেশ এবং ২০৪১ সালের মধ্যে উন্নত দেশে পরিণত করার লক্ষ্যে সমাজসেবা অধিদফতর পরিচালিত কার্যক্রম গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। একইসাথে নিবন্ধিত বেসরকারি স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থার উন্নয়নমূলক কর্মকাণ্ড সহায়ক ভূমিকা পালন করছে।

ক দারিদ্র্য নিরসন কার্যক্রম

ক্রমিক	কার্যক্রমের নাম	কার্যএলাকা/ইউনিট	সুফলভোগীর সংখ্যা
১	পল্লী সমাজসেবা (RSS) কার্যক্রম	৪৮৭ টি উপজেলা	২৪ লক্ষ ৪০ হাজার টি পরিবার
২	শহর সমাজসেবা (UCD) কার্যক্রম	৬৪ টি জেলা শহরে ৮০ টি কার্যালয়	১ লক্ষ ৩০ হাজার টি পরিবার
৩	পল্লী মাতৃকেন্দ্র (RMC)	৩১৮ টি উপজেলা	৮ লক্ষ ৬৮ হাজার ৫১৬ টি পরিবার
৪	দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম	৪৮৭ টি উপজেলা ও ৮০ টি শহর সমাজসেবা	১ লক্ষ ৬২ হাজার ৩১৬ টি পরিবার
৫	আশ্রয়ণ প্রকল্প	৫৭ টি জেলার ১৮১ টি উপজেলা	৩১ হাজার ৩০৭ টি পরিবার

খ সামাজিক নিরাপত্তাবেষ্টনী কার্যক্রম

ক্রমিক	কার্যক্রম	কার্যএলাকা	ভাতাভোগীর সংখ্যা
১	বয়স্ক ভাতা	দেশব্যাপী	৩১ লক্ষ ৫০ হাজার জন
২	বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা	দেশব্যাপী	১১ লক্ষ ৫০ হাজার জন
৩	অসচ্ছল প্রতিবন্ধী ভাতা	দেশব্যাপী	৭ লক্ষ ৫০ হাজার জন
৪	প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি	দেশব্যাপী	৭০ হাজার জন

- মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা : এ ভাতার অর্থ বরাদ্দ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে প্রদান করা হলেও সমাজসেবা অধিদফতরের মাধ্যমে দেশব্যাপী কর্মসূচি বাস্তবায়ন করা হয়।

গ রাজস্ব বাজেটে পরিচালিত প্রান্তিক জনগোষ্ঠী/দরিদ্ররোগী/চা শ্রমিক/ভিক্ষুক/প্রতিবন্ধী জরিপ কর্মসূচি

ক্রমিক	কার্যক্রম	কার্যএলাকা	সুফলভোগীর সংখ্যা
১	হিজড়া জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি প্রশিক্ষণ ভাতা শিক্ষা উপবৃত্তি	দেশব্যাপী	 ১ হাজার ৫০০ জন ২ হাজার ৩ শত ২৭ জন ১ হাজার ৩ শত ২৯ জন
২	বেদে ও অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি প্রশিক্ষণ ভাতা শিক্ষা উপবৃত্তি	দেশব্যাপী	 ১ হাজার ৫০ জন ১৯ হাজার ৩ শত জন ৮ হাজার ৫ শত ৮৫ জন
৩	ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড ও জন্মগত হৃদরোগীর আর্থিক সহায়তা কর্মসূচি	দেশব্যাপী	৮ হাজার ৭ শত ৩৩ জন
৪	চা-শ্রমিকদের জীবনমান উন্নয়ন কর্মসূচি (প্রত্যেক চা শ্রমিকের মধ্যে আপদকালীন (জানু-মার্চ) তিনবারে খাদ্য সমাগ্রী বিতরণ)	যেখানে চা বাগান রয়েছে	৬৯ হাজার ৩ শত ৪৭ জন
৫	ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত জনগোষ্ঠীর বিকল্প কর্মসংস্থান	ঢাকা মহানগরীর ভিআইপি জোন ও ৪ জেলা	২৪৪ জনকে পুনর্বাসন ও ঢাকা মহানগরীর ভিআইপি জোনকে ভিক্ষুকমুক্ত করার কাজ চলমান
৬	প্রতিবন্ধিতা শনাক্তকরণ জরিপ কর্মসূচি	দেশব্যাপী	জরিপভুক্ত ও শনাক্তকৃত ১৫,০০,৬৯৭ জন এবং আইডিকার্ড বিতরণ চলমান

ঘ শিশু সুরক্ষামূলক কার্যক্রম

ক্রমিক	কার্যক্রম/প্রতিষ্ঠানের নাম	ইউনিট সংখ্যা	পুনর্বাসন সংখ্যা
১	সরকারি শিশু পরিবার	৮৫ টি (বালক ৪৩ টি, বালিকা ৪১ টি এবং মিশ্র ১ টি)	৫৭,৫৪৯ জন
২	ছোটমণি নিবাস (০ হতে ৭ বছর)	৬ টি	১,২০৬ জন
৩	দিবাকালীন শিশু যত্ন কেন্দ্র (ঢাকার আজিমপুরে)	১ টি	৮,২৮২ জন
৪	দুঃস্থ শিশুদের প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র	৩ টি	৪,৭৫৯ জন
৫	নিবন্ধনকৃত বেসরকারি এতিমখানায় ক্যাপিটেশন গ্র্যান্ট	৩৫২০ টি	৬৭,০৬৬ জন
৬	প্রাক-বৃত্তিমূলক প্রশিক্ষণ কার্যক্রম	৫ টি	২,৭৮৭ জন
৭	মহিলাদের আর্থ-সামাজিক প্রশিক্ষণ কার্যক্রম	২ টি	১৬,৭৮২ জন
৮	দুঃস্থ মহিলাদের বৃত্তিমূলক প্রশিক্ষণ ও উৎপাদন কেন্দ্র (টংগী, গাজীপুর)	১ টি	৬২৩ জন
৯	এতিম ও প্রতিবন্ধী ছেলে মেয়েদের কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (শুধু এতিমদের জন্য)	৪ টি (২ টি ছেলে, ২ টি মেয়ে)	কার্যক্রম চলমান

ঙ সামাজিক অবক্ষয় প্রতিরোধ কার্যক্রম

ক্রমিক	কার্যক্রম/প্রতিষ্ঠানের নাম	ইউনিট সংখ্যা	পুনর্বাসন সংখ্যা
১	কিশোর/কিশোরী উন্নয়ন কেন্দ্র (টংগী ও কোনাবাড়ী, গাজীপুর এবং পুলেরহাট, যশোর)	৩ টি (২টি কিশোর ও ১টি কিশোরী)	২৩,৮৭৯ জন
২	সামাজিক প্রতিবন্ধী মেয়েদের প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র	৬ টি	১,০৫৯ জন
৩	সরকারি আশ্রয় কেন্দ্র	৬ টি	৫১,৮৬৩ জন
৪	মহিলা ও শিশুকিশোরী হেফাজতীদের নিরাপদ আবাসন কেন্দ্র (সেফ হোম)	৬ টি	৮,৫৬৩ জন
৫	দুঃস্থ ও ভবঘুরে প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র	৫ টি	কার্যক্রম চলমান
৬	প্রবেশন এন্ড আফটার কেয়ার সার্ভিস (৬৪ জেলায়, ৬টি সিএমএম কোর্টে, কিশোর উন্নয়ন কেন্দ্র, টঙ্গী ও যশোর)	৭২ টি	প্রবেশনে ১৩,৩৭৭ জন ও আফটার কেয়ার ৮১,৬৬০ জন

চ প্রতিবন্ধী ব্যক্তিদের কল্যাণ ও উন্নয়ন কর্মসূচি

ক্রমিক	কার্যক্রম/প্রতিষ্ঠানের নাম	ইউনিট সংখ্যা	উপকৃত/পুনর্বাসন সংখ্যা
১	সমন্বিত দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষা কার্যক্রম (সকল জেলা)	৬৪ টি	১,১৬৮ জন
২	সরকারি দৃষ্টি প্রতিবন্ধী বিদ্যালয় (বরিশাল)	১ টি	৪২৮ জন
৩	সরকারি বাক-শ্রবণ প্রতিবন্ধী বিদ্যালয় (চাঁদপুর / ফরিদপুর / সিলেট)	৩ টি	১,৫৭১ জন
৪	পিএইচটি সেন্টার (মিরপুর, ঢাকা / মুরাদপুর, চট্টগ্রাম / রাজশাহী / খুলনা)	৪ টি	৬,২৬৬ জন
৫	মানসিক প্রতিবন্ধী শিশুদের প্রতিষ্ঠান (রাউফাবাদ, চট্টগ্রাম)	১ টি	১১২ জন
৬	জাতীয় দৃষ্টি প্রতিবন্ধী প্রশিক্ষণ ও পুনর্বাস কেন্দ্র (এনটিআরসিবি, টঙ্গী, গাজীপুর)	১ টি	৭৩৫ জন
৭	শারীরিক প্রতিবন্ধীদের প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র (ইআরসিপিএইচ, টঙ্গী, গাজীপুর)	১ টি	১,৮৯৪ জন
৮	শারীরিক প্রতিবন্ধীদের গ্রামীণ পুনর্বাসন উপকেন্দ্র (আরআরসি, ফকিরহাট, বাগেরহাট)	১ টি	৩৩৯ জন
৯	এতিম ও প্রতিবন্ধী ছেলে মেয়েদের জন্য কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (প্রতিবন্ধীদের জন্য)	২ টি	
১০	জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র (মিরপুর-১৪, ঢাকা)	১ টি	

ছ প্রতিবন্ধীতা সহায়ক সামগ্রী উৎপাদন কেন্দ্র

ক্রমিক	প্রতিষ্ঠানের নাম	ইউনিট
১	কৃত্রিম অঙ্গ উৎপাদন কেন্দ্র (স্টেশন রোড, টঙ্গী, গাজীপুর)	১ টি
২	ব্রেইল প্রেস (স্টেশন রোড, টঙ্গী, গাজীপুর)	১ টি

জ শিশু সুরক্ষা প্রকল্প

ক্রমিক	প্রকল্পের নাম	ইউনিট	সেবা/পুনর্বাসন
১	Child Sensitive Social Protection in Bangladesh (CSPB) (Child Help Line 1098 সহ অন্যান্য শিশু সুরক্ষা কর্মসূচি)	১ টি	২০,৫৮৪ জন
২	দৃষ্টি প্রতিবন্ধীদের জন্য হোস্টেল নির্মাণ (পূর্বে নির্মাণ হয়েছে ২৭ টি)	৩৭ টি	চলমান
৩	সরকারি শিশু পরিবার হোস্টেল নির্মাণ	৮ টি	চলমান
৪	সার্ভিসেস ফর চিলড্রেন এট রিস্ক (SCAR) (৩০ জুন ২০১৬ প্রকল্প সমাপ্ত হয়)	১১ টি	৬,২৪৫ জন